অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/11/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল হাসপাতালে ভর্তি থাকা মানসিকভাবে অসুস্থ এবং ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিসহ নিউ ইয়র্কবাসীদের জন্য 'স্টেপ-ডাউন' প্রোগ্রামের জন্য অর্থ ঘোষণা করলেন

ইনপেশেন্ট কেয়ারের পর প্রাপ্তবয়স্কদের নিরাপদে নিজেদের কমিউনিটিতে ফেরত যেতে সাহায্য করার জন্য 'ক্রিটিকাল টাইম ইন্টারভেনশন' দলকে ট্রানজিশনাল হাউজিংয়ের সাথে মিলিত হবে

মেন্টাল হেলথ সমস্যা ও একই সাথে ইন্টেলেকচুয়াল বা ডেভেলপমেন্ট ডিজেবিলিটি থাকা ব্যক্তিদের সেবাদান করার নতুন প্রোগ্রাম তৈরি করার জন্য স্টেট 85 মিলিয়ন মার্কিন ডলার দিবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে পাঁচটি ['স্টেপ-ডাউন' প্রোগ্রাম (step-down program)] প্রতিষ্ঠা করার জন্য অর্থ ঘোষণা করেছেন যা মেন্টাল হেলথ সমস্যা ও একই সাথে ইন্টেলেকচুয়াল বা ডেভেলপমেন্ট ডিজেবিলিটি থাকা প্রাপ্তবয়স্কদের জন্য একটি ইনপেশেন্ট সেটিংয়ে কেয়ার পাওয়ার পর নিরাপদে নিজেদের কমিউনিটিতে ফেরত যাওয়ার ব্যাপারে সাহায্য করবে। স্টেটের অফিস অফ মেন্টাল হেলথ (Office of Mental Health, OMH) পরিচালিত 85 মিলিয়ন মার্কিন ডলারের, পাঁচ বছরের, শর্তসাপেক্ষের তহবিলটি সেবাদানকারীদের 'স্টেপ-ডাউন প্রোগ্রাম' প্রতিষ্ঠা করতে সাহায্য করবে যা ক্রিটিক্যাল টাইম ইন্টারভেনশন (critical time intervention, CTI) দলকে ট্রানজিশনাল হাউজিংয়ের সাথে মিলিত করার মাধ্যমে নিশ্চিত করবে যাতে এই ব্যক্তিরা হাসপাতাল বা অন্য কোনো ইনপেশেন্ট সেটিং থেকে ছাড়া পাওয়ার পর স্বাধীন সেটিংয়ে বাস করতে পারে।

"অনেক বেশি ক্ষেত্রে দেখা যায় যে মানসিক অসুস্থতা এবং একই সাথে ডিজেবিলিটিসহ নিউ ইয়র্কবাসীদের কাছে সফলভাবে স্বাধীন সেটিংয়ে জীবনে ফেরত যাওয়ার জন্য প্রয়োজনীয় সমর্থন থাকে না," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই তহবিলটি এই ব্যক্তিদের জন্য যথাযথ হাউজিং তৈরি করতে সাহায্য করবে এবং তাদেরকে একটি দলের সাথে মিলিত করে দিবে এবং নিজেদের কমিউনিটিতে স্বাধীন সেটিংয়ে বাস করার জন্য তারা নির্ভর করতে পারবে এমন সেবা তাদেরকে এই দলগুলি দিবে।"

নিউ ইয়র্ক স্টেটের চীফ ডিজেবিলিটি অফিসার Kim Hill Ridley (কিম হিল রিডলি) বলেন, "এই উদ্যোগের জন্য আমি গভর্নরের প্রশংসা করছি, ডিজেবিলিটিসহ ব্যক্তিদের যাতে তাদের প্রয়োজনের জন্য যথাযথ, সবথেকে ইন্টিগ্রেটেড সেটিংয়ে সেবা দেওয়া হয় তা নিশ্চিত

করার জন্য এটি অনেক সাহায্য করবে। নিউ ইয়র্কে ওমস্টেড (Olmstead) মান্য করানো বাস্তবায়নের দায়িত্ব পাওয়া নিউ ইয়র্কের মোস্ট ইন্টিগ্রেটেড সেটিং কোঅর্ডিনেটিং কাউন্সিলের (Most Integrated Setting Coordinating Council) চেয়ারের জন্য এটি একটি উপকারী হাতিয়ার, ডিজেবিলিটিসহ মানুষ যাতে তাদের নিজেদের কমিউনিটিতে স্বাধীনভাবে বাস করতে পারে তা নিশ্চিত করার জন্য আমরা যার উপর নির্ভর করতে পারবো।"

প্রোগ্রামগুলি চালাতে নিউ ইয়র্ক সিটি (New York City) এবং লং আইল্যান্ডের (Long Island) সেবাদানকারীরা পাঁচ বছর ধরে বার্ষিক 2.1 মিলিয়ন মার্কিন ডলার অপারেটিং তহবিল পাবে এবং 652,216 মার্কিন ডলার স্টেট এইড পাবে। ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (Western New York), সেন্ট্রাল নিউ ইয়র্ক (Central New York) এবং হাডসন রিভার ভ্যালি (Hudson River Valley) অঞ্চলের সেবাদানকারীরা পাঁচ বছর ধরে বার্ষিক 1.9 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অপারেটিং তহবিল পাবে এবং 604,042 মার্কিন ডলার স্টেট এইড পাবে।

এছাড়াও আপস্টেট এবং ডাউনস্টেট উভয় স্থানের প্রোগ্রামগুলি উন্নত স্টেপ-ডাউন ইউনিটে সেবাদান করার জন্য ক্রিটিক্যাল টাইম ইন্টারভেনশন দল তৈরি করতে আলাদাভাবে 100,000 মার্কিন ডলার করে পাবে। যারা অর্থ পাবে:

- জেফার্সন (Jefferson) এবং সেইন্ট লরেন্স (St. Lawrence) কাউন্টিতে সেবাদান করা **ARC Jefferson-St. Lawrence**।
- ক্যায়ুইগা (Cayuga), কর্টল্যান্ড (Cortland), ম্যাডিসন (Madison), ওনোন্ডাগা (Onondaga), এবং ওসওয়েগো (Oswego) কাউন্টিতে সেবাদান করা **AccessCNY**।
- ওয়েস্টচেস্টার (Westchester) কাউন্টিতে সেবাদান করা **CP Unlimited**।
- নাসাউ (Nassau) কাউন্টিতে সেবাদান করা **Family Residences and Essential Enterprises Inc**।
- নিউ ইয়র্ক সিটিতে সেবাদান করা **AHRC**।

এই অর্থের পাশাপাশি, OMH প্রায় 10 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল তহবিল দিচ্ছে যাতে করে এই অর্থ যারা পাবে তারা প্রোগ্রামের জন্য আবাসিক স্থান গঠন করতে পারে। আগামী মাসগুলিতে প্রত্যেক প্রজেক্টের কাজ শুরু হওয়ার সময় এই তহবিলের পরিমাণ স্থির করা হবে ও দেওয়া হবে।

মেন্টাল হেলথ এবং একই সাথে ইন্টেলেকচুয়াল বা ডেভেলপমেন্টাল ডিজেবিলিটি থাকা মানুষদের প্রায়ই জরুরি এবং ইনপেশেন্ট সাইকিয়াট্রিক সেবা বেশি ব্যবহার করতে হয়, এমনকি যদি তা কমিউনিটিতে আরো ভালোভাবে দেওয়া যায় তাহলেও। উন্নত স্টেপ-ডাউন প্রোগ্রামগুলি একটি স্পেশাল্টি ক্রিটিক্যাল টাইম ইন্টারভেনশন দল এবং একটি ট্রানজিশনাল আবাসিক সেটিং দিবে। প্রোগ্রামগুলির লক্ষ্য হবে হাসপাতালভিত্তিক কেয়ার থেকে কমিউনিটিতে ফেরত যাওয়া মানুষের উপর এবং তাদেরকে নিজেদের কমিউনিটিতে আরো স্বাধীনভাবে বাস করার জন্য তৈরি করার উপর।

দলগুলি একটি ইনপেশেন্ট বা জরুরি বিভাগ থেকে ছাড়া পাওয়ার আগে ট্রানজিশনাল আবাসিক প্রোগ্রামের যোগ্যতা নির্ণয় করার জন্য ব্যক্তিদের যাচাই করবে। কেস ব্যবস্থাপনা এবং আবাসিক

কর্মীরা একটি দল হিসেবে কাজ করবে যাতে নিশ্চিত করা যায় যে অংশগ্রহণকারী ব্যক্তিরা স্বাধীন সেটিংয়ে বাঁচতে পারবে কিনা। এছাড়াও ট্রানজিশনাল সমর্থন দরকার কিন্তু প্রোগ্রামের আবাসিক অংশে ভর্তি করা হয়নি এবং ব্যক্তিদেরকে সমর্থন করার জন্যও CTI দল তৈরি থাকবে।

স্টেটের অফিস অফ মেন্টাল হেলথের কমিশনার Dr. Ann Sullivan (ডাঃ অ্যান সালিভ্যান) বলেন, "মানসিক অসুস্থতা এবং একই সাথে ইন্টেলেকচুয়াল বা ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিসহ মানুষদের জন্য ইনপেশেন্ট কেয়ার থেকে কমিউনিটিতে বাস করার ট্রানজিশনটি কঠিন হতে পারে। এই উন্নত স্টেপ-ডাউন প্রোগ্রামগুলি নিউ ইয়র্কবাসীদেরকে সফলভাবে সেই ট্রানজিশন করতে, স্থানীয় সেবার সাথে সংযুক্ত করতে, এবং নিজেদের কমিউনিটিতে সফলভাবে বাস করার জন্য প্রয়োজনীয় দক্ষতা যাতে তাদের থাকে তা নিশ্চিত করতে সাহায্য করবে।"

অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজের (Office for People With Developmental Disabilities, OPWDD) ভারপ্রাপ্ত কমিশনার Willow Baer (উইলো বায়ের) বলেন, "এই ক্রিটিকাল টাইম ইন্টারভেনশন দলগুলি হলো সবথেকে যথাযথ সেটিংয়ে এবং স্বাস্থ্যের ফলাফল উন্নত হয় এমন একটি উপায়ে জটিল মেন্টাল হেলথ অবস্থাসহ নিউ ইয়র্কবাসীদের সাপোর্টের চাহিদা পূরণ করার জন্য গভর্নর Hochul-এর (হোকল) সার্বিক প্রতিশ্রুতির একটি মুখ্য অংশ, যা ডিসচার্জের সময় এবং আফটারকেয়ার পরিকল্পনার সময় ইন্টেনসিভ ট্রানজিশানল সাপোর্ট দিয়ে থাকে। যে OPWDD সেবাদানকারীদের এই সুযোগ দেওয়া হয়েছে তারা মানসিক অসুস্থতার অবস্থা এবং একই সাথে ডেভেলপমেন্টাল ডিজেবিলিটি, মাদক ব্যবহার বা অসুস্থতাসহ ব্যক্তিদের অতি গুরুত্বপূর্ণ স্থিতিশীল করার সমর্থন দিবে যাতে তারা হাসপাতাল, পেডিয়াট্রিক ইউনিট, বা সাইকিয়াট্রিক ইউনিটে চিকিৎসা নেয়াৰ পর নিরাপদে কমিউনিটিতে ফেরত যেতে পারে।"

স্টেটের সিনেটর Patricia Fahy (প্যাট্রিশিয়া ফাহি) বলেন, "'স্টেপ-ডাউন' প্রোগ্রামের জন্য আজকের দীর্ঘমেয়াদি বিনিয়োগটি হলো মানসিক অসুস্থতা এবং একই সাথে ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিসহ নিউ ইয়র্কবাসীরা যাতে সফলভাবে নিজেদের কমিউনিটিতে ফেরত যাওয়ার জন্য প্রয়োজনীয় কেয়ার ও সমর্থন পেতে পারে তা নিশ্চিত করার জন্য সামনের দিকে নেওয়া একটি অতি গুরুত্বপূর্ণ একটি ধাপ। ট্রানজিশনাল হাউজিংকে নিবেদিত ইন্টারভেনশন দলের সাথে মিলিত করার মাধ্যমে আমরা শুধু এইসব নিউ ইয়র্কবাসীদের জন্য স্থিতিশীলতা বাড়াচ্ছি না, বরং এছাড়াও আমাদের বৃহত্তর মেন্টাল হেলথ কেয়ার সিস্টেমকে জোরদার করছি। এইসব অতি প্রয়োজনীয় সেবাকে অগ্রাধিকার দেওয়ার জন্য এবং দীর্ঘমেয়াদি নিরাময় এবং পরিশেষে, স্বাধীনতার প্রসারে প্রয়োজনীয় রিসোর্স দেওয়ার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এবং নিউ ইয়র্কের অফিস অফ মেন্টাল হেলথের প্রশংসা করছি।"

স্টেটের সিনেটর Samra G. Brouk (সামরা জি. ব্রোক) বলেন, "মানসিক অসুস্থতা এবং ইন্টেলেকচুয়াল বা ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিসহ ব্যক্তিদের ধারাবাহিক কেয়ার প্রয়োজন যা তাদেরকে স্বাধীনভাবে বাঁচতে শুরু করতে সাহায্য করে। উন্নত 'স্টেপ-ডাউন' প্রোগ্রামটি যে ব্যক্তিদের প্রয়োজন আছে তাদেরকে ক্রিটিকাল টাইম ইন্টারভেনশন দলের সাথে যুক্ত করবে যারা স্পেশালাইজড কেয়ার ও নিরাপত্তাকে অগ্রাধিকার দিবে। মেন্টাল হেলথ সার্ভিসে গভর্নর Hochul-এর (হোকল) বিনিয়োগের আমি প্রশংসা করছি যা পূরণ হয়নি এমন জটিল চাহিদা থাকা নিউ ইয়র্কবাসীদের জীবন ভালোর দিকে বদলে দিবে এবং তাদের সমৃদ্ধি করতে সাহায্য করবে।"

অ্যাসেম্বলির সদস্য Angelo Santabarbara (এঞ্জেলো সান্টাবারবারা) বলেন, "মানসিক অসুস্থতা এবং ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিসহ ব্যক্তিদের কাছে যাতে কমিউনিটিতে ফেরত যাওয়ার জন্য তাদের প্রয়োজনীয় সমর্থন থাকে তা নিশ্চিত করা অতি গুরুত্বপূর্ণ। এইসব 'স্টেপ-ডাউন' প্রোগ্রাম হলো ইনপেশেন্ট কেয়ার ও স্বাধীনভাবে বাস করার মধ্যে শূন্যস্থান পূরণ করার জন্য, দীর্ঘমেয়াদি সাফল্যের জন্য প্রয়োজনীয় সেবা ও স্থিতিশীলতা দেওয়ার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ। ট্রানজিশনাল হাউজিংকে টার্গেটেড ইন্টারভেনশনের সাথে মিলিত করার মাধ্যমে আমরা শুধু ফলাফল উন্নত করছি না, আমরা সকল নিউ ইয়র্কবাসীদের মর্যাদা, ইনক্লুশন, এবং মানসম্পন্ন কেয়ারের জন্য আমাদের প্রতিশ্রুতিকে আরেকবার নিশ্চিত করছি।"

অ্যাসেম্বলির সদস্য Jo Anne Simon (জো অ্যান সাইমন) বলেন, "মানসিক অসুস্থতা এবং অন্যান্য ডিজেবিলিটিসহ ব্যক্তিরা প্রায়ই ইনপেশেন্ট কেয়ার থেকে কমিউনিটিতে বাস করায় ট্রানজিশন করার সময় উল্লেখযোগ্য সমস্যার মুখোমুখি হয়। এই সঙ্কটকালীন ট্রানজিশন সময়ে কাঠামোবদ্ধ সমর্থন দেওয়ার মাধ্যমে এই স্টেপ-ডাউন প্রোগ্রামগুলি সেই শূন্যস্থান পূরণ করতে সাহায্য করবে। এসেন্সিয়াল সার্ভিসের অ্যাক্সেস বাড়ানোর মাধ্যমে আমরা নিশ্চিত করছি যাতে আরো স্বাস্থ্যকর, আরো স্বাধীন জীবন পাওয়ার জন্য সকল নিউ ইয়র্কবাসীরা যে কমিউনিটিতে গ্যাস করে সেখানে তাদের প্রয়োজনীয় কেয়ার পেতে পারে।"

তহবিলটি হলো গভর্নর Hochul-এর (হোকল) ল্যান্ডমার্ক 1 বিলিয়ন মার্কিন ডলার মেন্টাল হেলথ পরিকল্পনার অংশ, যেটিকে গত বছর স্টেটের কেয়ার সিস্টেম জোরদার করার জন্য পাশ করানো হয়। ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2023 বাজেটের অংশ হিসেবে গ্রহণ করা এই একাধিক বছরের পরিকল্পনাটি এখন নাটকীয়ভাবে সেবা পাওয়ার সুযোগ বাড়িয়ে দিচ্ছে, অপেক্ষার সময় কম করছে, এবং পুরো স্টেটে কেয়ারের যথাযথ মাত্রা পাওয়া নিশ্চিত করছে।

মানসিকভাবে অসুস্থ নিউ ইয়র্কবাসীদের জন্য 3,500 নতুন আবাসিক ইউনিট তৈরি ও চালানোর জন্য পরিকল্পনাতে 890 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল এবং 120 মিলিয়ন মার্কিন ডলার অপারেটিং তহবিল আছে। এৎ মধ্যে রয়েছে 1500টি সহায়ক আবাসন ইউনিট, 500টি কমিউনিটি ভিত্তিক একক কক্ষের আবাসিক ইউনিট, 900টি ট্রাঞ্জিশনাল স্টেপডাউন ইউনিট; এবং মাঝারি মাত্রার সেবার প্রয়োজন থাকা ব্যক্তিদের জন্য 600টি লাইসেন্স প্রাপ্ত অ্যাপার্টমেন্ট ইউনিট।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন